কেরাত হামদ না’ত ও আযান প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠন

দামুড়হুদায় মাহে রমজান উপলক্ষে কেরাত হামদ না’ত ও আযান প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। সোমবার সকাল ১০টার সময় দামুড়হুদা মডেল থানার আয়োজনে থানা কোরিডরে এই প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ এর সভাপতিত্বে প্রতিযোগিতা অনুষ্ঠানে বিচারক হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল মসজিদের ঈমান হাফেজ মাও: মুফতী মো: মামুন হোসেন,
অক্সফোর্ড সোলার টেকনোলজি কোম্পানি লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক হাফেজ মাও: মুফতী মো: বনি ইয়ামিন, দামুড়হুদা ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড সুপারভাইজার মারিয়া মাহবুবা। বিভিন্ন ইভেন্টে প্রায় দেড়শত প্রতিযোগী অংশগ্রহণ করেন। এদের মধ্য থেকে ২৭ জন বিজয়ী কে পুরস্কার ক্রেস্ট প্রদান করা হয়। অংশগ্রহণকারী সব প্রতিযোগীকে বিশেষ পুরষ্কারে ভূষিত করা হয়। তিনজন বিচারক মন্ডলীকে দামুড়হুদা মডেল থানা’র পক্ষ থেকে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়।

এসময় উপস্থিত ছিলেন মডেল থানার তদন্ত ওসি শফিকুল ইসলাম, অপারেশন ওসি সফিউল আলমসহ বিভিন্ন স্কুল মাদ্রাসার ছাত্র ছাত্রী ও শিক্ষক শিক্ষিকা বৃন্দ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন এসআই মঞ্জুরুল হক।

চাঁদ দেখা যায়নি, শুক্রবার

রোজা শুরু

বাংলাদেশের আকাশেও রমজানের চাঁদ দেখা না যাওয়ায় আগামী শুক্রবার রোজা শুরু হবে।

বুধবার সন্ধ্যায় বায়তুল মোকাররমের সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির বৈঠক শেষে ধর্ম প্রতিমন্ত্রী ফরিদুল হক খান দুলাল এ ঘোষণা দেন।

তিনি বলেন, দেশের আকাশে কোথাও চাঁদ দেখার খবর পাওয়া যায়নি। তাই বৃহস্পতিবার শেষ হবে শাবান মাস এবং শুক্রবার শুরু হবে রমজান।

ধর্ম প্রতিমন্ত্রী জানান, ১৮ এপ্রিল দিনগত রাতে শবে কদর পালিত হবে।

আগের দিন মঙ্গলবার চাঁদ দেখা না যাওয়ায় সোদি আরবে বৃহস্পতিবার থেকে রোজা শুরু হবে।

সূত্র: যুগান্তর

মেহেরপুরে পবিত্র মাহে রমাদানের আগমন উপলক্ষে ইমাম সমিতির স্বাগত র্যালী

পবিত্র মাহে রমাদানের আগমন উপলক্ষে বাংলাদেশ জাতীয় ইমাম সমিতি মেহেরপুর জেলার উদ্যোগে স্বাগত র্যালী অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেলে ‘আহলান সাহলান মাহে রমজান’ এই স্লোগানে জেলা কোট মসজিদ থেকে শুরু করে শহরের প্রধান প্রধান সড়ক ঘুরে পৌরসভার সামনে শেষ হয়

এসময় বক্তারা আসন্ন মাহে রমজানে সকলকে রোজা রাখার আহবান জানান এবং রমজানের পবিত্রতা রক্ষা করে রোজা চলাকালীন সময়ে খাবার

দোকান বন্ধ রাখার আহবান জানান।

এ র্যালীতে বাংলাদেশ ইমাম সমিতি মেহেরপুর জেলা শাখার সভাপতি মাওলানা রোকনুজ্জামান, সাধারণ সম্পাদক মাওলানা সিরাজ উদ্দিন, মাওলানা শাহজালাল, মাওলানা শাহজাহান, মাওলানা জাহিদ হাসান, মাওলানা আনিছুর রহমান সহ বিভিন্ন মাদ্রাসার শিক্ষক এবং ছাত্ররা উপস্থিত ছিলেন

মেহেরপুরে ইসলামিক ফাউন্ডেশনের প্রতিষ্ঠাবার্ষিকী পালন

মেহেরপুরে ইসলামিক ফাউন্ডেশনের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে জেলা প্রশাসকের কার্যালয় থেকে শোভাযাত্রা বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষন করে জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে পবিত্র কোরআন তেলাওয়াত এর মধ্যে দিয়ে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা ইসলামিক ফাউন্ডেশন এর উপ-পরিচালক এ জে এম সিরাজুম মনির এর সভাপতিত্বে ফিল্ড সুপারভাইজার তাওহিদুল ইসলামের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম

এছাড়াও বক্তব্য রাখেন, জেলা ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড অফিসার আমানুল্লাহ, জেলা মডেল মসজিদের পেশ ইমাম মুফতি সাদিকুর রহমান, শিক্ষক সাব্বির হোসেন,হুমায়ুন কবির প্রমুখ

জীবননগরে উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের শুভ উদ্বোধন

জীবননগর উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের শুভ উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার সকাল ১০টার সময় জীবননগর উপজেলা প্রশাসন ও ইসলামিক ফাউন্ডেশন এর আয়োজনে বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি যুক্ত হয়ে এই উদ্বোধন ঘোষণা করেন।

উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকনুজ্জামান, সরকারি কমিশনার (ভূমি) তিথী মিত্র, উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, সহ উপজেলা প্রশাসনের সকল কর্মকর্তা, রাজনৈতিক নেতৃবৃন্দ ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, প্রমুখ।

কোটচাঁদপুর ১৮তম জুমাতুল হুজ্জাজ সম্মেলন অনুষ্ঠিত

ঝিনাইদহ কোটচাঁদপুরে শনিবার উপজেলার হাজি সমিতির ১৮তম বার্ষিকজুমাতুল হুজ্জাজ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

স্থানীয় পাইলট হাইস্কুল মাঠে এই সম্মেলনে উপজেলার হাজি সমিতির সভাপতি আলহাজ্ব মোঃ গোলাম রসুলের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক আলহাজ্ব মোঃ আনিসুজ্জামান মান্নু সঞ্চালনায় শতাধিক হাজি অংশগ্রহণ করে।

এ সময় সম্মেলনে বক্তব্য রাখেন হাজি মোঃ শাহাজান আলী , হাজি মোঃ আমিরুল ইসলাম, ও হাজি মোঃ আমিন উদ্দিন খান সহ বিভিন্ন হাজি গণ ।

এসময় বক্তব্যে তারা বাইতুল্লা শরীফে তোয়াবকারী হাজি গণ কে পরম সৌভাগ্যবান উল্লেখ করে বাইতুল্লা শরীফে শপথের কথাটি স্মরন করেন। পরে হাজিদের সম্মানে মধ্যাহ্নভোজের আয়োজন সম্পূর্ণ করা হয়। সম্মেলনে হাজী সমিত পুরাতন কমেটি দায়িত্ব পালন করেন বলে সকল হাজিগণের মতামত গৃহীত হয়।

গাংনীতে ঈমামদের সাথে মতবিনিময় সভায় এমপি খোকন

আওয়ামীলীগ সরকার আলেম ওলামাদের যথাযথ মর্যাদা, সম্মান ও শ্রদ্ধা করেন। মাননীয় প্রধানমন্ত্রী দেশ রত্ন শেখ হাসিনা নিজেও আলেম ওলামাদের সম্মান ও শ্রদ্ধা করেন। মুসলিম দেশ হিসেবে একমাত্র আওয়ামীলীগ সরকারই দেশের প্রতিটি উপজেলায় একটি করে দৃষ্টি নন্দন মডেল মসজিদ নির্মাণ করেছেন। যাতে মানুষ একত্রিত হয়ে স্বাচ্ছন্দে সালাত আদায় করতে পারেন।

কোরআন ও হাদিস অনুযায়ী মানুষকে সঠিক শিক্ষা ও সঠিক বয়ানের মাধ্যমে মানুষকে বিপথ থেকে রক্ষা করা এবং কোরআন হাদিসের সঠিক ব্যাক্ষা বোঝানো প্রতিটি ঈমামের দায়িত্ব বলে মন্তব্য করেছে মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। শনিবার বেলা ১১ টার সময় গাংনী কেন্দ্রীয় ঈদগাহ মাঠে উপজেলা ঈমাম সমিতি আয়োজিত মতবিনিময় ও আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

এমপি সাহিদুজ্জামান আরও বলেন একজন ঈমাম সেই মহল্লার সর্বোচ্চ সম্মানীত মানুষ। আমি ব্যক্তিগত ভাবেও আলেম ওলামাদের প্রতি সব সময় শ্রদ্ধা জানিয়ে আসছেন। ঈমামদেও কাছে তিনি নেতা হিসেবে নয়, ভাই হয়ে থাকার প্রত্যয় ব্যাক্ত করেন এমপি সাহিদুজ্জামান। তিনি বলেন, ঈমামদের কথা,আলেম ওলামাদের তার কথা সব মানুষ বিশ্বাস করে এবং গ্রহন করে। কারন আলেম ওলামারা কোরআন ও হাদিসের আলোকে কথা বলেন। মানুষকে একজন মানবিক মানুষ হিসেবে গড়ে তোলার জন্য আলেম ওলামাদের কোন বিকল্প নেই । তাই মানুষকে জঙ্গি ও সন্ত্রাসবাদ থেকে সচেতন

করা ঈমামদের সঠিক দায়িত্ব পালন খুবই গুরুত্বপুর্ণ ভুমিকা রাখবে বলে বিশ্বাস করেন তিনি।

গাংনী দারুচ্ছালাম জামে মসজিদের ঈমাম মওলানা রুহুল আমিনের সভাপতিত্বে মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী ঈদগাহ পরিচালনা কমিটির সভাপতি হাজী মহসিন আলী, বিশিষ্ট ব্যবসায়ী মোঃ এনামুল হক. ও হাফেজ মাওলানা রোকুনুজ্জামান।

মতবিনিময় শেষ উপজেলার প্রতিটি জামে মসজিদের ঈমামদের মাঝে জায়নামাজ,টুপি,তসবিহ বিতরণ করা হয়।

গাংনীতে তা’লিমুল কুরআন ইসলামী একাডেমির নুতন ভবনের ভিত্তি প্রস্থর স্থাপন

গাংনীতে তা’লিমুল কুরআন ইসলামী একাডেমির নুতন ভবনের ভিত্তি প্রস্থর স্থাপন উপলক্ষ্যে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে একাডেমি চত্বরে একাডেমির প্রতিষ্ঠাতা হাজী মহসিন আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ভবনের ভিত্তি প্রস্থর কাজের উদ্বোধন করেন মেহেরপুর ২ গাংনী আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি সাহিদুজৃজামান খোকন।

প্রভাষক শফি কামাল পলাশ এর সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিশিষ্ট ব্যবসায়ী হাজী আলফাজউদ্দীন, এনামুল হক,আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান আতু, মাওলানা আব্দুল কাদের, হাফিজুর রহমান মানিক, মাওলানা খালেদ সাইফুল্লাহ, সাংবাদিক রফিকুল আলম বকুল ও মাদ্রাসার পরিচালক গাংনী কেন্দ্রীয় জামে মসজিদের ঈমাম হাফেজ মাওলানা রুহুল আমিন। অনুষ্ঠানে গাংনী বাজারের ব্যবসায়ী শিক্ষকগণ ও বিভিন্ন শ্রেণিপেশার মানুষ অংশগ্রহণ করেন।

স্বাগত বক্তব্যে একাডেমির প্রতিষ্ঠাতা হাজী মহসিন আলী মাদ্রাসার

প্রতিষ্ঠায় সকলের সহযোগিতা কামনা করেন।

প্রধান অতিথির বক্তব্যে সাহিদুজ্জামান খোজন এমপি বলেন, এই একাডেমির প্রতিষ্ঠার মাধ্যমে হাজী মহসিন তার ভাল কাজের মাধ্যমে বেঁচে থাকবেন। এলাকার মানুষের কল্যাণে ও ইসলামের খেদমতে এই প্রতিষ্ঠান কাজ করে যাবে। তিনি এই প্রতিষ্ঠানে বিভিন্ন ভাবে সহযোগিতার জন্য সবাইকে আহবান জানান।

তিনি বলেন, সবচেয়ে ভাল কাজের মধ্যে এটা একটি। এই প্রতিষ্ঠানে জন্য সকল প্রকার সহযোগিতার আশ্বাস দেন তিনি। আলোচনা শেষে ভিত্তি প্রস্থর স্থাপন করা হয় ও দোয়া ও মোনাজাত পরিচলনা করা হয়। দোয়া পরিচালনা করেন মাওলানা আব্দুল কাদের। আমন্ত্রিত সকলের জন্য দুপুরের খাবারের ব্যবস্থা করা হয়।

মুজিবনগরে খ্রিস্টান সম্প্রদায়ের ১২৮ তম ধন্য বুধবার মহাসভার উদ্বোধন

মুজিবনগরে খ্রিস্টান সম্প্রদায়ের সবথেকে বড় ধর্মীয় সমাবেশ ১২৮ তম ধন্য বুধবার মহাসভার উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার বিকেলে উপজেলার চার্চ অব বাংলাদেশ রতনপুর সাধু পিতরের গীর্জা এর আয়োজনে গীর্জা চত্তরে এই মহাসভা অনুষ্ঠিত হচ্ছে।

এবারের মহাসভার মূলসুরঃ “তোমার পবিত্র আত্মাকে আমা হইতে হরণ করিও না” ধন্য বুধবার মহাসভার ইতিহাস সম্পর্কে মাইকেল মন্ডল টুইস বলেন , ১৮৯৫ খ্রীষ্টাব্দের ২০ ফেব্রুয়ারি “বুধবার” পঞ্জিকার পাতায় অন্যান্য সাধারণ একটি দিনের মত হলেও সেদিন ওপার বাংলার মালিয়াপোতায় সাধু লূকের গীর্জায় এমন এক অলৌকিক ঘটনা ঘটেছিল যা দিনটিকে করেছে অবিস্বরণীয়, মহিমান্বিত ও পবিত্র আত্মার অনুগ্রহ প্রাপ্তীর ঝর্নাধারা। তাই পরবর্তীতে এর নামকরণ হয়েছে, ধন্য

বুধবার”। আর এই দিনটিকে স্মরণ করার জন্য প্রতিষ্ঠিত হয়েছিল একটি সভা যে সভা আজ রূপ নিয়েছে “মহাসভায়”, একত্রে “ধন্যবুধবার মহাসভা” ।

ধন্য বুধবার মহাসভা সম্পর্কে বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৬ নং (বল্লভপুর,রতনপুর) ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক বলেন, এই ধন্য বুধবার মহাসভা প্রতিবছর বিভিন্ন গ্রামে অনুষ্ঠিত হয়। এ বছর রতনপুর গ্রামে অনুষ্ঠিত হচ্ছে। এ সভা মঙ্গলবার বিকেলে শুরু হয়ে বৃহস্পতিবার সকালে শেষ হবে। এই সভাতে সার্বিক সহযোগিতা এবং সব সময় খোজ খবর রাখার জন্য তিনি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেছেন, মেহেরপুর ১ আসনের এমপি ও জনপ্রশাসন মন্ত্রনালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন দোদুল,সভার প্রধান পৃষ্ঠপোষক বিশপ অব কুষ্টিয়া ডায়োসিস রাইট রেভা:হেমেন হালদার, ডিনারী মহাসভা কমিটির সভাপতি রেভা: লরেন্স মৃত্যুঞ্জয় মন্ডল, আহবায়ক মি: জয়ন্ত মন্ডল, সম্পাদক মি: তুষার বিশ্বাস এবং

সভার সার্বিক নিরাপত্তা দিয়ে সহযোগীতা করার জন্য মুজিবনগর থানা ইনচার্য (ওসি) মেহেদি রাসেল সহ আয়োজক রতনপুর গ্রামের সমগ্র মানুষ সহ আয়োজক কমিটিকে।

দুদিন ব্যাপী ধন্য বুধবার মহাসভাতে প্রার্থনা সভা, কীর্তন ও সমবেত গান, ধর্মীয় উপাসনা ধর্মীয় বাণী, ধর্মীয় বিষয় নিয়ে আলোচনা করবেন খ্রিস্টীয় পুরোহিত গন।

দামুড়হুদা নতুন হাউলী ফুরকানিয়া বহুমুখী মাদ্রাসার উদ্যোগে ওয়াজ মাহফিল

দামুড়হুদা নতুন হাউলী ফুরকানিয়া বহুমুখী মাদ্রাসার উদ্যোগে বুধবার বাদ আছর মাদ্রাসা চত্তরে ইদ্রিস আলী মাষ্টারের সভাপতিত্বে ২য় বার্ষিক ওয়াজ মাহফিল অনুষ্ঠিত হয়।

ওয়াজ মাহফিলে প্রধান বক্তা হিসাবে বক্তব্য রাখেন হযরত মাওঃ শামসুল আরিফিন ও দ্বিতীয় বক্তা হিসাবে বক্তব্য রাখেন হযরত মাওঃ মেহেদী হাসান, কুরআন ও হাদীস থেকে তাফসির পেশ করেন।

এসময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মাদ্রাসার সভাপতি শরিফুল আলম, সাধারণ সম্পাদক দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি জামিরুল ইসলাম, সহ-সভাপতি বিশিষ্ট ব্যাবসায়ী জাহিদুল ইসলাম, জমিদাতা ইব্রাহিম হোসেন মানো, মাদ্রাসার পরিচালক হাফেজ মাওঃ রকিবুল ইসলাম শাহরিয়ার এসময় উপস্থিত ছিলেন স্থানীয় মুরছুল্লি, গণ্যমান্যব্যক্তিবর্গ ও দূর দুরান্ত থেকে আগত মুরছুল্লিবৃন্দ।